

তারিখ: ৩১.০৫.২০১৭

বার্তা সম্পাদক সমীপে

সংবাদপত্রে প্রকাশার্থে

দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/বিটিভি/টিভি চ্যানেল/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/তারা বাংলা/ বাংলাদেশ বেতার/এনটিভি/এটিএন বাংলা।

বিষয়: কুমিল্লার বরুড়া থানা এলাকায় নির্বাচিত ইউ.পি মেম্বারের নেতৃত্বে ৭ম শ্রেণির স্কুল ছাত্রীকে গণধর্ষণের পর তাদের বাড়ির মালামাল লুটপাটের ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে আইনগত ব্যবস্থা গ্রহণের দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ৩১.০৫.২০১৭ ইং তারিখ দৈনিক যুগান্তর পত্রিকায় কুমিল্লার বরুড়া থানার ১৩নং আড্ডা ইউনিয়নের পিলগিরি গ্রামে ৭ম শ্রেণির স্কুল ছাত্রীকে গণধর্ষণের পর তাদের বাড়ির মালামাল লুটপাটের ঘটনা ঘটেছে। ঘটনার রাতে ১৩নং আড্ডা ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের মেম্বার আবদুল কাদির এর নেতৃত্বে ২০ থেকে ২৫ জন ধারালো অস্ত্রশস্ত্রসহ স্কুল ছাত্রীদের বাড়িতে হানা দেয় এবং দরজা ভেঙ্গে ঘরে ঢোকে। ঘরে ঢুকেই টেনেহিঁচড়ে স্কুল ছাত্রীর উপর আবুল হোসেন, শরিফুদ্দিন, নাসির মিয়া ও রিমান হোসেন পাশবিক নির্যাতন চালায়। এ সময় স্কুল ছাত্রী আকুতি-মিনতি জানালে মেম্বার আবদুল কাদির স্কুল ছাত্রীকে ধমক দিয়ে চুপ থাকতে বলে। গণধর্ষণের ঘটনা শেষে দুবৃত্তরা স্কুলছাত্রীদের বাড়ির মালামাল লুট করে।

বাংলাদেশ মহিলা পরিষদ নির্বাচিত ইউ.পি মেম্বারের নেতৃত্বে ৭ম শ্রেণির স্কুল ছাত্রীকে গণধর্ষণের পর তাদের বাড়ির মালামাল লুটপাটের বর্বর, পৈশাচিক ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করছে।

ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে আইনগত ব্যবস্থা গ্রহণ, জড়িতদের দ্রুত গ্রেফতার, ঘটনার শিকার স্কুলছাত্রীর মেডিকেল পরীক্ষা, সূচিকিৎসা ও নিরাপত্তা নিশ্চিতকরণের দাবি জানাচ্ছে। এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও প্রশাসনের নিকট আহ্বান জানাচ্ছে। সেইসাথে সারাদেশে সংঘটিত নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানাচ্ছে।

ধন্যবাদসহ-

আয়শা খানম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ